গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার
লালমনিরহাট সদর, লালমনিরহাট
www.sadar.lalmonirhat.gov.bd

**সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত ২০২৩-২০২৪ অর্থবছরের ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী**

সভাপতি : জান্নাতআরা ফেরদৌস
উপজেলা নির্বাহী অফিসার
লালমনিরহাট সদর, লালমনিরহাট

সভার তারিখ : ০৫/১১/২০২৩ খ্রি.

সভার সময় : বেলা ১১.০০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

উপস্থিতি : সভার উপস্থিতি পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংগ্রহণে অনুষ্ঠিত সভায় উপস্থিত সদস্যবন্দকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। অতঃপর এ কার্যালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অংশ হিসেবে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.২ সূচক অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে ত্রৈমাসিক সভা আহবানের বিষয়টি সকলকে অবগত করা হয়। সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে জবাবদিহিতামূলক সেবা প্রদান নিশ্চিত করা প্রয়োজন। সেবা সহজীকরণ ও জনসেবা নিশ্চিত করার লক্ষ্যে সকল সেবা অনলাইন সিস্টেমের আওতায় আনা প্রয়োজন।। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত এ কার্যালয়সহ উপজেলার সকল দপ্তরের প্রদত্ত সেবার ক্ষেত্রে সেবা গ্রহীতাগণ কি ধরনের প্রতিবন্ধকতার সম্মুখীন হন সে বিষয়ে সভায় উপস্থিত সকলকে সুচিন্তিত মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। সভায় স্ব স্ব দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি দৃশ্যমান করা, তথ্য অধিকার আইন,২০০৯ অনুসারে প্রকাশযোগ্য তথ্য ওয়েব পোর্টালে আপলোড করা ও ওয়েবপোর্টাল হালনাগাদ করা ইত্যাদি বিষয় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর আওতায় এসেছে মর্মে জানানো হয়। সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে শুধুমাত্র সরকারি কর্মকর্তা/কর্মচারী ও সরকারি প্রতিষ্ঠানই নয় বরং সকল অফিস বিশেষ করে এনজিও, রাজনৈতিক ব্যক্তিবর্গ, সাংবাদিক, শিক্ষাবিদসহ সকল স্তরের সেবাগ্রহীতা ও সেবাদাতাদের এগিয়ে আসতে হবে। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সরকারের গৃহিত কর্মসূচিগুলো যথাযথ সময়ের মধ্যে বাস্তবায়ন আবশ্যক মর্মে সকল সদস্য সভায় গুরুত্বারোপ করেন।

০২। সভায় উপস্থিত সদস্যগণের নিকট তাঁদের কার্যালয়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত চলমান কর্মসূচির তথ্যাদি জানতে চাওয়া হলে সদস্যগণ স্ব স্ব প্রতিষ্ঠানে চলমান কার্যক্রম সম্পর্কে অবহিত করেন এবং এ বিষয়ে তাদের সুচিন্তিত মতামত উপস্থাপন করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | স্ব স্ব দপ্তরে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও দুর্নীতি প্রতিরোধ কার্যক্রম জোরদারকরণ | স্ব স্ব দপ্তরের শুদ্ধাচার কৌশল সফলভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়। শুদ্ধাচার কৌশল ২০২৩-২০২৪ এর সফল বাস্তবায়নে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে সর্বাত্মক সহযোগিতা প্রদান করা হবে বলে সভায় জানানো হয়। এছাড়া দুর্নীতি বিষয়ে সহায়ক কার্যক্রম সমূহের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | স্ব স্ব দপ্তরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ প্রণয়ন, বাস্তবায়ন এবং ত্রৈমাসিক ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান |
| ০২ | নৈতিকতা কমিটি শক্তিশালীকরণ | নৈতিকতা কমিটি শক্তিশালীকরণ বিষয়ে আলোচনা হয়। উপজেলা পর্যায়ে এই কমিটি কিভাবে দুর্নীতি প্রতিরোধে সহায়ক ভূমিকা পালন করতে পারে এবং সেবা প্রদানকারী কর্মকর্তা-কর্মচারীকে জবাবদিহিতার আওতায় আনতে পারে সে বিষয়ে আলোচনা হয়। | নিয়মিতভাবে নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে এবং সভার কার্যবিবরণী উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| ০৩ | সেবা সহজীকরণ | সেবাগ্রহীতাদের প্রতি সদাচরণসহ প্রত্যাশানুযায়ী সেবা সহজীকরণ নিশ্চিতকরণের উপর সভায় গুরুত্বারোপ করা হয়। | ১) সেবা প্রদানে অনলাইন সিস্টেমের ব্যবহার বাড়িয়ে সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২) সেবার মান বৃদ্ধির কার্যক্রমে গতিশীলতা আনতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | ওয়েবসাইট আপডেটকরণ | বার্ষিক কার্যসম্পাদন চুক্তি (এপিএ) এর আওতায় অন্তর্ভূক্ত করে সরকারী স্ব স্ব দপ্তরে সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) দৃশ্যমান করা, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে প্রকাশযোগ্য তথ্য ওয়েব পোর্টালে আপলোড করা এবং ওয়েব পোর্টাল হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বার্ষিক কার্যসম্পাদন চুক্তি (এপিএ) এর আওতায় অন্তর্ভূক্ত করে সরকারী স্ব স্ব দপ্তরে সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) দৃশ্যমান করা, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে প্রকাশযোগ্য তথ্য ওয়েব পোর্টালে আপলোড করতঃ ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে এবং প্রমাণক সংরক্ষণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান |
| ০৫ | GRS এর অন্তর্ভূক্ত অভিযোগ নিষ্পত্তির হার বৃদ্ধিকরণ | তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন করার নিমিত্তে GRS এর অন্তর্ভূক্ত অভিযোগ নিষ্পত্তির হার বৃদ্ধিকরণ এবং প্রমাণক সংরক্ষণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন করার নিমিত্তে GRS এর অন্তর্ভূক্ত অভিযোগ নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে এবং প্রমাণক সংরক্ষণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান |
| ০৬ | প্রত্যেক অফিসের হালনাগাদকৃত ক্রয় পরিকল্পনা ও বাজেট ওয়েব সাইটে আপলোড নিশ্চিত করণ | শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও দুর্নীতি প্রতিরোধ জোরদারকরণের লক্ষ্যে নির্ধারিত সময়ে প্রত্যেক অফিসের হালনাগাদকৃত ক্রয় পরিকল্পনা ও বাজেট ওয়েবসাইটে আপলোড করা এবং প্রমাণক সংরক্ষণ করার বিষয়ে আলোচনা করা হয়। | শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও দুর্নীতি প্রতিরোধ জোরদারকরণের লক্ষ্যে নির্ধারিত সময়ে প্রত্যেক অফিসের হালনাগাদকৃত ক্রয় পরিকল্পনা ও বাজেট ওয়েবসাইটে আপলোড করতে হবে এবং প্রমাণক সংরক্ষণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান |
| ০৭ | উপকারভোগীদের মতামত গ্রহণ ও প্রতিফলন নিশ্চিতকরণ | স্ব স্ব দপ্তরে সেবাপ্রদান প্রতিশ্রুতি দৃশ্যমান করার নিমিত্ত ই-সেবা কেন্দ্রে রক্ষিত রেজিস্টারে উপকারভোগীদের মতামত গ্রহণ ও প্রতিফলন নিশ্চিত করা এবং প্রমাণক সংরক্ষণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। ই সেবা কেন্দ্রে (হেল্প ডেস্ক) নিয়মিতভাবে উল্লেখিত কার্যক্রম সম্পাদনের নিমিত্ত একজন কর্মচারীকে দায়িত্ব প্রদানের জন্য আলোচনা করা হয়। | স্ব স্ব দপ্তরে সেবাপ্রদান প্রতিশ্রুতি দৃশ্যমান করার নিমিত্ত ই-সেবা কেন্দ্রে রক্ষিত রেজিস্টারে উপকারভোগীদের মতামত গ্রহণ ও প্রতিফলন নিশ্চিত করতে হবে এবং প্রমাণক সংরক্ষণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান |
| ০৮ | সংশ্লিষ্ট কমিটিসমূহে নিয়মিত সভা আহবান ও সিদ্ধান্ত বাস্তবায়ন | সেবাপ্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি, অংশীজনের অংশগ্রহণে সভা এবং তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটির নিয়মিত সভা আহবান ও সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সেবাপ্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি, অংশীজনের অংশগ্রহণে সভা এবং তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটির নিয়মিত সভা আহবান ও সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট সকল কমিটি |

০৩। পরিশেষে দুর্নীতি প্রতিরোধ বিষয়ে এবং সুশাসন প্রতিষ্ঠায় সকলকে সচেষ্ট হওয়ার আহবান জানানো হয়। অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

০৫/১১/২০২৩
(জান্নাতআরা ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
লালমনিরহাট সদর, লালমনিরহাট
ফোন : ০২৫৮৯৯৮৬৮৩৫
unolalmonirhat@mopa.gov.bd

স্মারক নং : ০৫.৪৭.৫২৫৫.০০০.০৫.১১০.২৩. ৭৭৯

তারিখ: ২০ কার্তিক ১৪৩০
০৫ নভেম্বর, ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, লালমনিরহাট
২। ............................................কর্মকর্তা ও সদস্য, উপজেলা নৈতিকতা কমিটি, লালমনিরহাট সদর, লালমনিরহাট

০৫/১১/২০২৩
(জান্নাতআরা ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
লালমনিরহাট সদর, লালমনিরহাট

CamScanner